

স্বপ্ন ও পতন

পতনের স্বপ্ন দেখি রোজ রাত্রিবেলা
ঘুমের ভিতরে রোজ অনেক উপর থেকে পড়ি
সাদা বিছানায় শুয়ে ভাবি যেন শুয়ে আছি নদীর উপরে
উজ্জ্বল নীলাভ এক জলস্রোত পার হই পা টিপে পা টিপে

রাত্রির মধ্যে একটু নড়ে উঠি, চারিদিকে ভূমিকম্প হয়
বাঁ পায়ের পাতা যেই সামান্য সরাই, অমনি পড়ে যাই
গভীর কুয়োতে
স্বপ্নের মধ্যে খাট দুলে ওঠে, জেগে উঠি ডুকরে কেঁদে, যেমে
সাদা পৃষ্ঠা, তোমাকেই খুঁজি, আর মাথা রাখবার জায়গা নেই।

যশোধরা রায়চৌধুরী

